



বিস্মিল্লাহির রাহমানির রাহিম

আড়াইহাজার পৌরসভা কার্যালয়

আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

স্থাপিত : ২০১২ খ্রি:

সূত্র: আড়াই/পৌর/স্মারক/২০২৪/৪৬৫৫

তারিখ : ২৭/১১/২০২৪

বিষয়: ট্রেড লাইসেন্স করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) এর ধারা ১০০ এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার “পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪” প্রণয়ন করেছে। পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪ এর ৬ (৩) অনুযায়ী পৌরসভার মধ্যে মুনাফা লাভের উদ্দেশ্যে তফসিলী ব্যাংক, বীমাকারী প্রতিষ্ঠান, বেসরকারী অফিস, প্রতিষ্ঠান বা সংস্থা বা উহাদের কোন শাখার জন্য ট্রেড লাইসেন্স গ্রহন বাধ্যতামূলক। “পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪” এর ধারা ২৬ অনুযায়ী প্রতি বছরের ৩০শে সেপ্টেম্বরের মধ্যে নবায়নে ব্যর্থ লাইসেন্সধারীগনের নিকট হইতে ট্রেড লাইসেন্স ফি এর ৫%(শতকরা ৫ ভাগ), অর্থ বছরের মধ্যে নবায়নের ব্যর্থ লাইসেন্সধারীগনের নিকট হইতে বকেয়া ট্রেড লাইসেন্স ফি-এর উপর বার্ষিক ১০% (শতকরা ১০ ভাগ) সারচার্জ আরোপিত হইবে।

উল্লেখ্য পৌরসভা আদর্শ কর তফসিল ২০০৩ অনুযায়ীও তফসিলী ব্যাংক, বীমা প্রতিষ্ঠান বা সংস্থা বা উহাদের কোন শাখার জন্য ট্রেড লাইসেন্স গ্রহন বাধ্যতামূলক ছিল। এ বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। বিষয়টি অতীব জরুরী।

এমতাবস্থায় তাঁর ব্যাংকের “পৌরসভা আদর্শ কর তফসিল-২০২৪” অনুযায়ী ট্রেড লাইসেন্স করার জন্য অনুরোধ করা হল।

প্রাপকঃ ব্যবস্থাপক

.....ব্যাংক

আড়াইহাজার শাখা, নারায়ণগঞ্জ।

(মোঃ সাজ্জাদ হোসেন)

প্রশাসক

আড়াইহাজার পৌরসভা

আড়াইহাজার, নারায়ণগঞ্জ।



বিস্মিল্লাহির রাহমানির রাহিম

আড়াইহাজার পৌরসভা কার্যালয়

আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

স্থাপিত : ২০১২ খ্রি:

সূত্র: আড়াই/পৌর/স্বাস্থ্য/২০২৪/৪৬৫৭

তারিখ : ২০/০২/২০২৪ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা আড়াইহাজার পৌরসভা সকল ব্যবসায়ীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (পৌরসভা) আইন: ২০০৯ এর ধারা ১০৮ অনুযায়ী পৌর এলাকার ট্রেড লাইসেন্স ছাড়া ব্যবসা করা শাস্তিযোগ্য অপরাধ। যে সমস্ত ব্যবসায়ী এখনো ট্রেড লাইসেন্স ছাড়া ব্যবসা পরিচালনা করে আসছেন তাদেরকে আগামী ৩১ শে ডিসেম্বর ২০২৪ এর মধ্যে পৌরসভা কার্যালয় হতে ট্রেড লাইসেন্স সংগ্রহ করে ব্যবসা পরিচালনার জন্য অনুরোধ করা হলো।

ব্যর্থতায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ এর ১০৯ ধারা অনুযায়ী আপনার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মোঃ সাজ্জাত হোসেন)

প্রশাসক

আড়াইহাজার পৌরসভা

আড়াইহাজার, নারায়ণগঞ্জ

অনুলিপিঃ

০১। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।

০২। উপজেলাও সদস্য, প্রশাসক, সহায়তাকমিটি আড়াইহাজার পৌরসভা।

০৩। পৌর নির্বাহী কর্মকর্তা, আড়াইহাজার পৌরসভা, নারায়ণগঞ্জ।

০৪। লাইসেন্স পরিদর্শক (অতিদায়িত্ব) আড়াইহাজার (মাইকিং করে প্রচার করার জন্য)

০৫। সভাপতি/সাধারণ সম্পাদক / আড়াইহাজার বাজার/ কামরানীরচর বাজার/ ঝাউগড়া বাজার ও পৌরসভা সকল বাজার ব্যবসায়ী সমিতি (ব্যবসায়ীদের অবগতির জন্য)

০৬। অফিস কপি।

০৭। নোটিশ বোর্ডকার্যালয়।



বিস্মিল্লাহির রাহমানির রাহিম

আড়াইহাজার পৌরসভা কার্যালয়

আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

স্থাপিত : ২০১২ খ্রি:

সূত্রঃ আড়াই/পৌর/প্রশাস/৪০৫৬

তারিখ : ২৭/০৭/২০২২

বিজ্ঞপ্তি

এতদ্বারা আড়াইহাজার পৌর এলাকায় বিদ্যমান সকল ব্যবসা-প্রতিষ্ঠান, ব্যাংক, বীমা, এন.জি.ও প্রতিষ্ঠানের মালিক/প্রধানদের অবগতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪” এর ৭ অনুযায়ী সকল প্রকার সাইনবোর্ড, বিলবোর্ড, নিয়ন সাইন, প্রাস্টিক সাইন সহ কোন দোকান বা ব্যবসা প্রতিষ্ঠানের নাম, ঠিকানা বা প্রচার মূলক কোন তথ্য ইহার দেয়াল বা সাটারিং এর উপর করা হলে বিজ্ঞাপন কর প্রদান আবশ্যিক। যে সমস্ত ব্যবসা প্রতিষ্ঠানের নিজস্ব সাইন বোর্ড ছাড়াও ঐ ব্যবসা প্রতিষ্ঠানে অন্যান্য কোম্পানীর প্রচারমূলক কোন বিজ্ঞাপন/সাইন বোর্ড টানানো থাকলে এক্ষেত্রেও বিজ্ঞাপন কর প্রদান “পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪ অনুযায়ী” পরিশোধ বাধ্যতামূলক।

এমতাবস্থায় যে সমস্ত ব্যবসা-প্রতিষ্ঠানে তাহাদের প্রতিষ্ঠানের নিজস্ব সাইনবোর্ড ছাড়াও অন্যান্য কোম্পানীর প্রচারমূলক কোন তথ্য রয়েছে, সে সমস্ত সাইনবোর্ড বা প্রচার মূলক তথ্যের বিজ্ঞাপন কর পৌরসভার ট্রেড লাইসেন্স ফির এর সাথে পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো। ব্যর্থতায় সাইনবোর্ড, বিলবোর্ড, প্রাস্টিক সাইন, নিয়ন সাইন, ব্যানার অপসারণ সহ আইনগত ব্যবস্থা নেয়া হবে।

(মোঃ সাজ্জাত হোসেন)

প্রশাসক

আড়াইহাজার পৌরসভা

আড়াইহাজার, নারায়ণগঞ্জ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:-

০১। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।

০২। উপজেলা নির্বাহী অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

০৩। অফিসার ইনচার্জ, আড়াইহাজার থানা, নারায়ণগঞ্জ।

০৪। উপজেলাও সদস্য, প্রশাসক, সহায়তাকমিটি আড়াইহাজার পৌরসভা।

০৫। পৌর নির্বাহী কর্মকর্তা, আড়াইহাজার পৌরসভা, নারায়ণগঞ্জ।

০৬। সভাপতি/সাধারণ সম্পাদক, আড়াইহাজার বাজার/কামরানীরচর বাজার/ ঝাউগড়া বাজার বণিক সমিতি, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

০৭। লাইসেন্স পরিদর্শক, আড়াইহাজার পৌরসভা (মাইকিং করে প্রচার সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।

০৮। অফিস নথি।

০৯। নোটিশ বোর্ড